অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/30/2024 **গভর্নর ক্যাথি হোকল**

শ্রম দিবসের সপ্তাহান্তের আগে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের ওয়েস্ট নাইল ভাইরাস এবং অন্যান্য মশাবাহিত রোগগুলি থেকে নিজেদের রক্ষা করতে উৎসাহিত করেছেন

নিউ ইয়র্কবাসীদের মশার কামড়ের প্রতিরোধে সতর্কতা অবলম্বন করতে উৎসাহিত করা হয়

এই বছর রাজ্যব্যাপী কুড়িটি ওয়েস্ট নাইলের কেস রিপোর্ট করা হয়েছে

একাধিক নিউ ইয়র্ক স্টেট কাউন্টিতে ঘোড়াগুলির শরীরে ইস্টার্ন ইকুইন এনসেফালাইটিস নিশ্চিত হয়েছে

নিউ ইয়র্কবাসীদের প্রতি গভর্নর হোকলের বার্তাটি দেখুন

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীদের মশার কামড়ের প্রতিরোধে সতর্কতা অবলম্বন করতে এবং ওয়েস্ট নাইল ভাইরাস এবং ইস্টার্ন ইকুইন এনসেফালাইটিসের মতো রোগগুলি থেকে সুরক্ষা গ্রহণ করার জন্য স্মরণ করিয়ে দিয়েছেন। গভর্নর অতিরিক্ত সুরক্ষার পরামর্শ সহ সোশ্যাল মিডিয়াতে একটি ভিডিও পোস্ট করেছেন এবং নিউ ইয়র্কবাসীদের এই সম্পর্কে সকলকে জানাতে উত্সাহিত করেছেন। সম্পূর্ণ ভিডিওটি দেখুন এখানে।

"আমরা চাই যে এই শ্রম দিবসের সপ্তাহান্তে মানুষ বাইরে গিয়ে নিউ ইয়র্ক স্টেটের সৌন্দর্য উপভোগ করুক, কিন্তু আমরা চাই যে তারা ওয়েস্ট নাইল ভাইরাসের মতো রোগ বহনকারী মশার বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে তাদের স্বাস্থ্যের কথা মাথায় রেখে নিরাপদে তা করেন।" **গভর্নর হোকল বলেছেন।** "প্রতিরোধই মশা-বাহিত রোগের সংস্পর্শ থেকে সুরক্ষার সব চেয়ে কার্যকর পদ্ধতি এবং এটি পোশাক দ্বারা আপনার অঢাকা ত্বককে রক্ষা করা এবং মশা তাড়ানোর ওষুধের মতো সহজ হতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) অনুযায়ী নিউ ইয়র্ক সিটির বাইরে বর্তমানে 10জন ব্যক্তি ওয়েস্ট নাইল ভাইরাস (West Nile virus, WNV) দ্বারা আক্রান্ত হয়েছেন বলে রিপোর্ট করা হয়েছে।নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও মানুষিক স্বাস্থ্যবিধির

বিভাগ (New York City Department of Health and Mental Hygiene) অনুযায়ী নিউ ইয়র্ক সিটিতে এছাড়াও 10 জন মানুষের আক্রান্ত হওয়ার কথা রিপোর্ট করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেছেন, "যদিও মশার কামড়কে প্রায়ই জীবনের একটি সামান্য বিরক্তি হিসেবে দেখা হয়, তবুও এই বছর আমরা স্বাভাবিকের চেয়ে বেশি ইতিবাচক মশার সংখ্যা দেখতে পাচ্ছি। পোকামাকড় নিরোধক ধারণ করা, জমে থাকা জল অপসারণ করা এবং উপযুক্ত পোশাক পরা ঝুঁকি কমায়। অন্তত সেপ্টেম্বর মাসের শেষ পর্যন্ত মশাগুলি আমাদের সম্প্রদায়সমূহতে উপস্থিত থাকবে, তাই বাইরে সময় কাটানোর সময় আমরা কীভাবে নিজেদের রক্ষা করতে পারি সে বিষয়ে সচেতন হওয়া গুরুত্বপূর্ণ।"

গুরুতর অসুস্থতার কারণ হতে পারা এবং কিছু ক্ষেত্রে মৃত্যু ঘটায় এমন একটি সংক্রমণ হিসেবে ওয়েস্ট নাইল ভাইরাস সংক্রামিত মশার কামড়ের মাধ্যমে মানুষ এবং কিছু প্রাণীর মধ্যে সংক্রমিত হয়ছড়িয়ে যায়। সমস্ত মশাই WNV বহন করে না, যা 1999 সালে নিউ ইয়র্ক স্টেটে প্রথম শনাক্ত করা হয়েছিল। 2020 সাল থেকে, নিউ ইয়র্ক সিটি বাদে, নিউ ইয়র্ক স্টেটে WNV-এর 115জন মানুষের আক্রান্ত হওয়ার ঘটনা এবং আটটি মৃত্যুর খবর পাওয়া গেছে।

WNV-তে আক্রান্ত বেশিরভাগ লোকের কোনো লক্ষণ বা উপসর্গ দেখা দেয় না। যদি অসুস্থতা বেড়ে যায়, তাহলে সাধারণত সংক্রামিত মশার কামড়ের তিন থেকে 15 দিন পরে উপসর্গগুলি দেখা দেয়। WNV-এর হালকা কেসযুক্ত ব্যক্তিদের জ্বর, মাথাব্যথা, শরীরে ব্যথা এবং মাঝে মাঝে ত্বকে ফুসকুড়ি বা গ্রন্থি ফুলে যেতে পারে। গুরুতর WNVতে আক্রান্ত ব্যক্তিদের হঠাৎ মাথাব্যথা, প্রচন্ড জ্বর, ঘাড় শক্ত হওয়া, পেশীর দুর্বলতা, পরিবর্তিত মানসিক অবস্থা, কাঁপুনি, খিঁচুনি এবং/অথবা পক্ষাঘাত, এবং কিছু ক্ষেত্রে, গুরুতর WNV হওয়ার কারণে মৃত্যু হতে পারে।

ইস্টার্ন ইকুইন এনসেফালাইটিস (Eastern equine encephalitis, EEE) একটি বিরল, কিন্তু অত্যন্ত গুরুতর, ভাইরাল রোগ যেটি মশা দ্বারা ছড়ায় যার দ্বারা মানুষ এবং ঘোড়া আক্রান্ত হতে পারে। যদিও এই গ্রীষ্মকালে নিউ ইয়র্ক স্টেটে 14টি ঘোড়ার ইতিবাচক পরীক্ষার ফলাফল পাওয়া গেছে, তবুও নিউ ইয়র্ক স্টেটে বর্তমানে কোনও মানুষ আক্রান্ত হওয়ার খবর পাওয়া যায়নি।

সমস্ত বয়সের লোকেরা সংক্রমণের প্রতি সংবেদনশীল, কিন্তু 50 বছরের বেশি এবং 15 বছরের কম বয়সী লোকেরা গুরুতর উপসর্গগুলির বিকাশের সব চেয়ে বেশি ঝুঁকিতে থাকেন। যদিও সংক্রামিত মশা কামড়ালে বেশিরভাগ লোকের কোনও উপসর্গ দেখা দেয় না, তবুও গুরুতর ক্ষেত্রে হঠাৎ মাথাব্যথা, প্রচন্ড জ্বর, ঠান্ডা লাগা এবং বমি হওয়া দিয়ে শুরু হতে পারে। অসুখটি তখন বিভ্রান্তি, খিঁচুনি, এনসেফালাইটিস এবং কোমার দিকে অগ্রসর হতে পারে। EEEতে আক্রান্ত রোগীদের প্রায় এক তৃতীয়াংশ মারা যান, যখন EEE থেকে বেঁচে থাকা অনেক রোগী স্নায়বিক বৈকল্যের সম্মুখীন হন।

EEE বা WNV-এর জন্য কোনো বাণিজ্যিকভাবে মানুষের ভ্যাকসিন পাওয়া যায় না এবং মশার কামড়ের প্রতিরোধ করাই সব চেয়ে সেরা সুরক্ষা।

WNV এবং EEE থেকে সংক্রমণের ঝুঁকি কমাতে নিম্নলিখিত সতর্কতাগুলি অত্যন্ত বাঞ্ছনীয়:

- বাইরে যাওয়ার সময় লম্বা হাতা দেওয়া পোশাক পরুন, বিশেষ করে সন্ধ্যায় বা ভোরবেলা, যা দিনের সেই সময় যখন মশা সব চেয়ে বেশি সক্রিয় থাকে।
- DEET, পিকারিডিন বা IR3535 যুক্ত পোকামাকড়ের নিরোধক ব্যবহার করুন এবং সানস্ক্রিনের উপরে লাগান। প্রতিরোধন সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে। পোকামাকড় প্রতিরোধকের লেবেলটির নির্দেশাবলী মেনে চলতে ভুলবেন না। শিশুদের সরাসরি প্রতিরোধকগুলির পরিচালনা করা উচিত নয়। এর পরিবর্তে, প্রাপ্তবয়স্কদের প্রথমে তাদের নিজের হাতে প্রতিরোধক প্রয়োগ করা উচিত এবং তারপরে শিশুর অঢাকা ত্বকে আলতোভাবে ছড়িয়ে দেওয়া উচিত। শিশুদের হাতে সরাসরি প্রয়োগ করা এড়িয়ে চলুন। ঘরে ফিরে আসার পর, আপনার সন্তানের প্রতিরোধক মাখানো ত্বক এবং পোশাক সাবান এবং জল দিয়ে ধুয়ে ফেলুন বা শিশুকে স্নান করান। পশুদের জন্য বিশেষভাবে তৈরি করা পোকা মাড়ার স্প্রে দিয়ে পোষ্য প্রাণীদের রক্ষা করা যেতে পারে।
- ঘরের জানালা ও দরজায় পর্দা আছে কিনা তা নিশ্চিত করুন। নিশ্চিত করুন যে পর্দাগুলি যেন ফেটে যাওয়া, ছিঁড়ে যাওয়া, এবং গর্ত থেকে মুক্ত থাকে।
- বালতি এবং অন্যান্য পাত্র, পুল কভার, সিরামিক পাত্র এবং ঠেলাগাড়ি থেকে জল ফেলে দিন।
- ব্যবহার না করা হলে ছোট পুলগুলিকে খালি করুন।
- জল নিষ্কাশন করার জন্য ড্রেন এবং নর্দমাগুলি খুলে দিন।
- পাখির স্নানের পত্রগুলির জল প্রতি দিন পরিবর্তন করুন।

যাত্রীদের ডেঙ্গু জ্বর এবং ম্যালেরিয়ার মতো রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্রে ডেঙ্গু ভাইরাস সংক্রমণের ঝুঁকি বেড়েছে।

ডেঙ্গু জ্বর চারটি নির্দিষ্ট ডেঙ্গু ভাইরাসের যে কোনো একটিতে সংক্রমিত মশার কামড়ে হওয়া একটি রোগ। ডেঙ্গুতে প্রচন্ড জ্বর, প্রচণ্ড মাথাব্যথা, চোখের পেছনে ব্যথা, জয়েন্টে ব্যথা এবং পেশীতে ব্যথা হতে পারে। এই রোগ বহনকারী মশাগুলি প্রধানত গ্রীষ্মমন্ডলীয় অঞ্চলে থাকে তাই ভ্রমণকারীরা ডেঙ্গু জ্বর নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে এসে থাকতে পারেন। যদিও মার্কিন যুক্তরাষ্ট্রে সংঘটিত হওয়া বেশিরভাগ সংক্রমণের ঘটনাগুলি এমন এলাকায় ভ্রমণের সাথে যুক্ত যেখানে ডেঙ্গু স্থানীয় রোগ, তবুও মাঝে মাঝে স্থানীয় ডেঙ্গু ভাইরাস সংক্রমণের প্রাদুর্ভাব ঘটেছে, বিশেষ করে দক্ষিণ রাজ্যগুলিতে।

ম্যালেরিয়া একটি গুরুতর এবং কখনও কখনও মারাত্মক রোগ যা এমন একটি মশার কামড়ের ফলে হয় যেটি চারটি ম্যালেরিয়া রক্তের পরজীবীর মধ্যে একটি দ্বারা সংক্রামিত। সংক্রামিত স্ত্রী মশা মানুষের মধ্যে রোগ ছড়ানোর জন্য দায়ী। মার্কিন যুক্তরাষ্ট্রে, বেশিরভাগ সংক্রমণগুলি বিদেশী দেশগুলিতে ভ্রমণের ফলে হয়, যদিও স্থানীয় সংক্রমণ ঘটেছে — বিশেষ করে ফ্লোরিডা এবং টেক্সাসের মতো রাজ্যগুলিতে। নিউ ইয়র্ক স্টেটে, ম্যালেরিয়ার প্রায় সব ঘটনাই বিদেশে ভ্রমণের সাথে যুক্ত যদিও, লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক সিটিতে ম্যালেরিয়ার স্থানীয় সংক্রমণের বিরল ঘটনাগুলি ঘটেছে।

যদিও প্রাথমিকভাবে মশার কামড়ে সংক্রামিত নয়, তবে ক্যারিবিয়ান, সেন্ট্রাল আমেরিকা এবং দক্ষিণ আমেরিকা থেকে নিউ ইয়র্কে ফিরে আসা যাত্রীদের মধ্যেও ওরোপুচ ভাইরাস একটি উদ্বেগের বিষয়। এটি পোকামাকড়ের কামড়ের মাধ্যমে ছড়ায় এবং জ্বর, মাথাব্যথা, ঠান্ডা লাগা এবং পেশী ও জয়েন্টে ব্যথার কারণ হতে পারে। এটাকে প্রায়ই ডেঙ্গু জ্বর বলে ভুল করা হয়। ওয়েস্ট নাইলের মতো, কিছু ক্ষেত্রে এটি স্নায়বিক উপসর্গ সৃষ্টি করতে পারে। উদ্বেগ রয়েছে যে গর্ভবতী মহিলাদের মধ্যে ওরোপুচ সংক্রমণের কারণে গর্ভাবস্থায় প্রতিকূল ফলাফল হতে পারে। ডেঙ্গু জ্বর, ম্যালেরিয়া এবং ওরোপুচের উপস্থিতি সহ এমন এলাকাগুলিতে ভ্রমণ করা এবং সেখান থেকে ফিরে আসা নিউ ইয়র্কবাসীদের WNV এবং EEE থেকে সুরক্ষার জন্য সুপারিশকৃত একই প্রতিরোধের ব্যবস্থা ব্যবহার করে পোকামাকড়ের কামড় থেকে নিজেদের রক্ষা করা উচিত।

ওয়েস্ট নাইল ভাইরাস সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে।

ইস্টার্ন ইকুইন এনসেফালাইটিস সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে।

ডেঙ্গু জ্বর সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে।

ম্যালেরিয়া সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে।

ওরোপুচ সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন